



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।  
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী  
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯  
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২  
ই-মেইল : dgmbcd@rakub.org.bd  
ওয়েবসাইট : www.rakub.org.bd

প্রকা/শানিবি সার্কুলার লেটার নং-০৩/২০১৮

তারিখ: ২৮.০৫.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা  
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী  
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: রাকাব ডাবল মানি স্কিম (RDMS) এর মেয়াদান্তে পরিশোধিত টাকার পরিমাণ নির্ধারণ প্রসংগে।


প্রিয় মহোদয়

শাখা নিয়ন্ত্রণ বিভাগের সার্কুলার নং-০৪/২০১১ তারিখ ৩০.০৫.২০১১ এবং সার্কুলার লেটার নং-০১/২০১২ তারিখ ০৪.০৩.২০১২ অনুযায়ী যথাক্রমে ৬% বছর ও ৬ বছর মেয়াদী রাকাব ডাবল মানি স্কিম (RDMS) প্রবর্তন করা হয়। সুদের হার নির্ধারণ করা হয় যথাক্রমে ১১.২৫% ও ১২.২৫%। মাঠ পর্যায়ে RDMS হিসাবের মেয়াদপূর্তিতে সুদ হিসাবায়ন করলে প্রদেয় সুদের পরিমাণে পার্থক্য হয় মর্মে জানানো হয়েছে। মাঠ পর্যায়ে এ বিষয়টি নিয়ে বিভ্রান্তি রয়েছে বিধায় বিষয়টির সুস্পষ্ট ব্যাখ্যা/নির্দেশনা দেয়া প্রয়োজন। এমতাবস্থায় এতদবিষয়ে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো:

“ইতোপূর্বে জারীকৃত রাকাব ডাবল মানি স্কিম (RDMS) সংশ্লিষ্ট সার্কুলারে সুদের হার (মেয়াদান্তে ১১.২৫% ও ১২.২৫%) নির্ধারণ করা হয়ে আছে। RDMS নীতিমালা (সার্কুলার নং-০৪/২০১১ তারিখ: ৩০.০৫.২০১১) এর ১০ (গ) অনুচ্ছেদ অনুযায়ী সুদ হিসাবায়ন করে প্রদেয় সুদের পরিমাণ নির্ধারণ করতে হবে। উক্ত সার্কুলারের ৪নং অনুচ্ছেদ মোতাবেক গ্রাহক তার প্রাথমিক জমার দ্বিগুণ পরিমাণ অর্থ প্রাপ্য হবেন। তবে মেয়াদপূর্তির সময়ে গ্রাহকের হিসাব হতে বিধি মোতাবেক উৎসে কর, আবগারি শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে সরকারী নির্দেশনা মোতাবেক) কর্তন করে তার বাকী প্রাপ্য অর্থ প্রদান করতে হবে।”

উদাহরণ: (মেয়াদান্তে মূল জমা+ সমপরিমাণ সুদ)- (আবগারী শুল্ক+উৎসে কর প্রযোজ্য ক্ষেত্রে) = প্রাপ্য অর্থ।

০৩। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।


  
(অসিত কুমার সরকার)  
উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-৮(৪৭)/২০১৭-২০১৮/৪২৭৫ (৬নং)/৫৪

তারিখ: ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

  
(শেখ মোঃ নূরুজ্জামান)  
সহকারী মহাব্যবস্থাপক